কানাইঘাটে পরিবহন শ্রমিক ও বন্যা দুর্গত পরিবারের মধ্যে ত্রাণ সামগ্রী বিতরণ

কানাইঘাট প্রতিনিধি: বন্যা দুর্গত সিলেটের কানাইঘাট উপজেলায় ক্ষতিগ্রস্থ পরিবহন শ্রমিক ও বন্যা দুর্গতদের মাঝে ধারাবাহিক ভাবে প্রধানমন্ত্রীর উপহারের ত্রাণ সামগ্রী বিতরণ করেছেন উপজেলা নির্বাহী কর্মকর্তা সুমন্ত ব্যানার্জি। আজ রবিবার (৩ জুলাই) সকালে প্রথমে তিনি বন্যা দুর্গত কানাইঘাট পৌরসভার বিষ্ণুপুর গ্রামের অর্ধ শতাধিক বানভাসি পরিবারের মধ্যে খাদ্য সামগ্রী বিতরণ করেন। এরপর কানাইঘাট সদর ইউনিয়নের বীরদল লক্ষীপুরে বন্যায় ক্ষতিগ্রস্থ ১ শতাধিক অটোরিক্সা সিএনজি চালকদের মাঝে অনুরূপ ভাবে প্রধানমন্ত্রীর উপহারের ত্রাণ সামগ্রী বিতরণ করেন।
এ সময় তার সাথে উপস্থিত ছিলেন উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান খাদিজা বেগম, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জহিরুল ইসলাম, কানাইঘাট প্রেসক্লাবের সাধারণ সম্পাদক নিজাম উদ্দিন, কানাইঘাট দক্ষিণ বাজার অটোরিক্সা শ্রমিক ইউনিয়ন ৭০৭ শাখার সভাপতি জুনেদ হাসান জীবান, সাধারণ সম্পাদক জিয়া উদ্দিন সহ স্থানীয় সাংবাদিক ও বিভিন্ন দফতরের সরকারি কর্মকর্তাবৃন্দ।
খাদ্য সামগ্রী বিতরণকালে উপজেলা নির্বাহী কর্মকর্তা সুমন্ত ব্যানার্জি বলেন, মাননীয় প্রধানমন্ত্রী ঘোষণা দিয়েছেন সিলেটের বন্যা দুর্গত প্রতিটি পরিবারের মধ্যে সরকারি ত্রাণ সামগ্রী পৌঁছে দেয়া হবে। কেউ অনাহারে থাকবেন না, এটি বাস্তবায়ন করার জন্য সিলেটের জেলা প্রশাসক মোঃ মজিবর রহমান স্যারের নির্দেশে কানাইঘাট উপজেলায় বন্যায় ক্ষতিগ্রস্থ সকল পরিবারের মধ্যে সরকারি ত্রাণ সামগ্রী পৌঁছে দেয়ার জন্য জনপ্রতিনিধিদের পাশাপাশি সকল দফতরের সরকারি কর্মকর্তা মাঠে সক্রীয় রয়েছেন। এরই ধারাবাহিকতায় পরিবহন শ্রমিকদের মধ্যে খাদ্য সামগ্রী বিতরণ ও বন্যা দুর্গত এলাকায় ত্রাণ সামগ্রী বিতরণ অব্যাহত রয়েছে।
প্রথম বারের মতো বন্যায় ক্ষতিগ্রস্ত পরিবহন শ্রমিকরা উপজেলা প্রশাসনের পক্ষ থেকে নির্বাহী কর্মকর্তার মাধ্যমে ত্রাণ সামগ্রী পেয়ে খুশি হয়ে তারা বলেন অতীতে কেউ তাদের খোঁজ-খবর নেননি। এবারের বন্যায় পরিবহন শ্রমিকদের সব-সময় খোঁজ খবর নিয়েছেন নির্বাহী কর্মকর্তা সুমন্ত ব্যানার্জি। বিগত করোনার সময় তিনি

পরিবহন শ্রমিকদের পাশে দাঁড়িয়ে সহযোগিতা করেছিলেন।